

দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... ৭ ৯ AUG 2007
স্বাক্ষর ...

সি. এম. এ.
৪২

পরীক্ষায় শিক্ষার্থী অনুত্তীর্ণ ২৪ ফাজিল মাদ্রাসার শিক্ষকদের এমপিও স্থগিত

স্টাফ রিপোর্টারঃ ২০০৬ সালের ফাজিল পরীক্ষায় কোন শিক্ষার্থী উত্তীর্ণ না হওয়ায় দেশের ২৪ ফাজিল মাদ্রাসার শিক্ষকদের এমপিও স্থগিত করা হয়েছে। বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে এই সিদ্ধান্তের কথা জানানো হয়। শিক্ষা মন্ত্রণালয়ের এক উপসচিব এই সিদ্ধান্তের কথা স্বীকার করেছেন। তবে এই শিক্ষকের সংখ্যা কত তা তিনি জানাতে পারেননি।

প্রসঙ্গত, ২০০৪ সাল থেকেই এসএসসি, এইচএসসি, দাখিল, ফাজিলসহ এই জাতীয় পাবলিক পরীক্ষায় কোন শিক্ষা প্রতিষ্ঠানে পাসের হার শূন্য হলে সেই প্রতিষ্ঠানের শিক্ষকদের এমপিও স্থগিত করার নিয়ম চালু হয়ে আসছে। ভারি ধারাবাহিকতায় এই ২৪ মাদ্রাসা শিক্ষকদেরও এমপিও স্থগিতের সিদ্ধান্ত হয়েছে। তবে পরবর্তী কাল ভাল করলে পুনরায় তাদের এমপিওভুক্ত করা হবে।